গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য অধিদফতর
বাংলাদেশ সচিবালয়
ঢাকা

সংবাদ গতিধারা

জাতীয় দৈনিকসমূহে প্রকাশিত সংবাদ, সম্পাদকীয়'র সারসংক্ষেপ, গুরুত্বপূর্ণ নিবন্ধ ও ফিচারের সংক্ষিপ্তসার

সংখ্যা : ২৫৮/২০১৭-১৮

ঢাকা, বৃহস্পতিবার, ৫ জুলাই ২০১৮, ২১ আষাঢ় ১৪২৫

আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয় প্রাধান্য দিয়ে খবর ছেপেছে :

১। জনসম্পৃক্ততা রেখে ভিভিআইপিদের নিরাপত্তা নিশ্চিত করুন : পিজিআরের অনুষ্ঠানে রাষ্ট্রপতি

২। দেশি-বিদেশি চ্যালেঞ্জ মোকাবিলা করে সমৃদ্ধির পথে বাংলাদেশ : সংসদে প্রধানমন্ত্রী
এমপিওভুক্তির কার্যক্রম দ্রুত গ্রহণ করা হবে

৩। সমৃদ্ধ বাংলাদেশ গড়তে ২০৪১ সালের কর্মপরিকল্পনা শুরু : এপিএ স্বাক্ষর অনুষ্ঠানে প্রধানমন্ত্রী

৪। সংসদে ক্যান্টনমেন্ট ও আবহাওয়া বিল পাশ

৫। বিদেশি চ্যানেলগুলো নির্দিষ্ট নিয়ম মেনেই প্রদর্শিত হয় : সংসদে তথ্যমন্ত্রী

৬। ইন্টারনেট সেবার ব্যয় না কমালে ব্যবস্থা : গণমাধ্যমকে অর্থমন্ত্রী

৭। নতুন প্রজন্মের সামনে মুক্তিযুদ্ধের সঠিক ইতিহাস তুলে ধরতে চাই : সংস্কৃতিমন্ত্রী

৮। এসডিজির লক্ষ্য অর্জনে উন্নয়নের ধারাবাহিকতা বজায় রাখতে হবে
সম্মেলনে অর্থ ও পরিকল্পনা প্রতিমন্ত্রী

৯। বিদায়ী অর্থবছরে রাজস্ব আয়ে সাড়ে ১৯ শতাংশ প্রবৃদ্ধি : এনবিআর চেয়ারম্যান

১০। আঞ্চলিক উন্নয়নে দক্ষিণ এশীয় দেশগুলোর মতপার্থক্য দূর করা প্রয়োজন : ঢাকায় সম্মেলনে বিশেষজ্ঞরা

চলমান পাতা-২

১। **জনসম্পৃক্ততা রেখে ভিভিআইপিদের নিরাপত্তা নিশ্চিত করুন : পিজিআরের অনুষ্ঠানে রাষ্ট্রপতি**

রাষ্ট্রপতি মোঃ আবদুল হামিদ অতি গুরুত্বপূর্ণ ব্যক্তিদের (ভিভিআইপি) জনসম্পৃক্ততা বিনষ্ট না করে এবং সাধারণ লোকদের থেকে বিচ্ছিন্ন না করে তাদের পূর্ণ নিরাপত্তা নিশ্চিত করতে প্রেসিডেন্ট গার্ড রেজিমেন্টের (পিজিআর) প্রতি আহ্বান জানিয়েছেন। তিনি গতকাল (৪ জুলাই বুধবার) ঢাকা সেনানিবাসে প্রেসিডেন্ট গার্ড রেজিমেন্টের প্রতিষ্ঠাবার্ষিকীর অনুষ্ঠানে ভাষণদানকালে বলেন, 'গণমানুষের সঙ্গে জনপ্রতিনিধিদের ঘনিষ্ঠ সম্পর্ক থাকে, সাধারণ লোকদের থেকে বিচ্ছিন্ন না করে ভিভিআইপিদের নিরাপত্তা নিশ্চিত করুন।' সূত্র-**সংবাদ** (শেষ পৃ.,ক.৫), **ইত্তেফাক** (পৃ.৩,ক.৫), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.৩,ক.৬), **বাংলাদেশ টুডে** (পৃ.১,ক.২)।

২। **দেশি-বিদেশি চ্যালেঞ্জ মোকাবিলা করে সমৃদ্ধির পথে বাংলাদেশ : সংসদে প্রধানমন্ত্রী**
এমপিওভুক্তির কার্যক্রম দ্রুত গ্রহণ করা হবে

প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেছেন, দেশি-বিদেশি নানা চ্যালেঞ্জ মোকাবিলা করে উন্নয়ন, অগ্রগতি আর সমৃদ্ধির পথে হাঁটছে বাংলাদেশ। ৪২ বছর স্বল্পোন্নত দেশের তালিকায় থাকার পর বাংলাদেশ এখন উন্নয়নশীল দেশের কাতারে শামিল হওয়ার স্বীকৃতি পেয়েছে। সরকারের জনকল্যাণমূলক অর্থনৈতিক উন্নয়ন উদ্যোগ বাস্তবায়নের কারণে বাংলাদেশের এ উন্নয়ন এবং অদম্য অগ্রযাত্রা সম্ভব হয়েছে। গতকাল (৪ জুলাই বুধবার) জাতীয় সংসদে এক প্রশ্নের জবাবে প্রধানমন্ত্রী এসব কথা বলেন। অপর এক প্রশ্নের জবাবে প্রধানমন্ত্রী বলেন, নীতিমালা অনুসরণ করে শিক্ষাপ্রতিষ্ঠান এমপিওভুক্তির বিষয়ে দ্রুত কার্যক্রম গ্রহণ করা হবে। তিনি বলেন, নন-এমপিওভুক্ত শিক্ষাপ্রতিষ্ঠান সুনির্দিষ্ট নীতিমালার ভিত্তিতে এমপিওভুক্ত করার লক্ষ্যে ইতোমধ্যে নীতিমালা গ্রহণ করা হয়েছে। সে অনুযায়ী শিক্ষাপ্রতিষ্ঠান এমপিওভুক্তির বিষয়ে দ্রুত কার্যক্রম গ্রহণ করা হবে। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১,ক.৬), **সমকাল** (পৃ.১,ক.৬), **অবজারভার** (পৃ.১,ক.২), **এশিয়ান এজ** (পৃ.১,ক.২)।

৩। **সমৃদ্ধ বাংলাদেশ গড়তে ২০৪১ সালের কর্মপরিকল্পনা শুরু : এপিএ স্বাক্ষর অনুষ্ঠানে প্রধানমন্ত্রী**

প্রধানমন্ত্রী শেখ হাসিনা দেশের উন্নয়নে দীর্ঘমেয়াদি পরিকল্পনা গ্রহণের ওপর গুরুত্বারোপ করে ২০৪১ সালের মধ্যে সমৃদ্ধ বাংলাদেশ গড়ে তুলতে সরকারি কর্মচারীদের কাছে মাঠ পর্যায়ে প্রাপ্ত অভিজ্ঞতা এবং চিন্তা-ভাবনা কর্মপরিকল্পনায় সন্নিবেশের আহ্বান জানিয়েছেন। তিনি বলেন, '২০২১ থেকে ২০৪১ সালের মধ্যে কেমন বাংলাদেশ দেখতে চাই তা বাস্তবায়নের জন্য পরিকল্পনা প্রণয়ন আমরা ইতোমধ্যে শুরু করেছি। মাঠ পর্যায়ে আপনাদের কোনো পরিকল্পনা ও অভিজ্ঞতা যোগ করার থাকলে আপনারা তা করতে পারেন।' প্রধানমন্ত্রী গতকাল (৪ জুলাই বুধবার) তাঁর তেজগাঁওস্থ কার্যালয়ে সব মন্ত্রণালয় ও বিভাগের ২০১৮-১৯ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তিস্বাক্ষর অনুষ্ঠানে একথা বলেন। প্রধানমন্ত্রী এ সময় সরকারি কর্মচারীদের সততা ও আন্তরিকতার সঙ্গে সরকারের প্রদত্ত বাজেট বাস্তবায়নে কাজ করার আহ্বান জানান। সূত্র-**সংবাদ** (শেষ পৃ.,ক.৪), **সমকাল** (পৃ.১,ক.৬), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.২,ক.২), **অবজারভার** (শেষ পৃ.,ক.১)।

৪। **সংসদে ক্যান্টনমেন্ট ও আবহাওয়া বিল পাশ**

ক্যান্টনমেন্ট এলাকায় ভিক্ষাবৃত্তি ও মাতলামি করলে বিদ্যমান এক টাকার পরিবর্তে ২০ হাজার টাকা জরিমানার বিধান রেখে 'ক্যান্টনমেন্ট বিল, ২০১৮' সংসদে পাশ হয়েছে। এছাড়া আবহাওয়া অধিদফতরকে আইনি কাঠামো দিতে 'আবহাওয়া বিল-২০১৮' পাশ হয়েছে। গতকাল (৪ জুলাই বুধবার) সংসদ কার্যে প্রতিরক্ষা মন্ত্রণালয়ের দায়িত্বপ্রাপ্ত আইনমন্ত্রী আনিসুল হক সংসদে বিল দু'টি উত্থাপন করলে কণ্ঠভোটে সেগুলো পাশ হয়। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১৯,ক.২), **যুগান্তর** (পৃ.৩,ক.৪), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.৩,ক.২), **বাংলাদেশ টুডে** (পৃ.৩,ক.৫)।

৫। **বিদেশি চ্যানেলগুলো নির্দিষ্ট নিয়ম মেনেই প্রদর্শিত হয় : সংসদে তথ্যমন্ত্রী**

বিদেশি চ্যানেলগুলো নির্দিষ্ট কিছু নিয়মনীতির মাধ্যমে প্রদর্শিত হয়। তাছাড়া চ্যানেল অনুমোদনের জন্য উচ্চপর্যায়ের একটি কমিটি রয়েছে। সে কমিটি পরীক্ষানিরীক্ষার পর ছাড়পত্র দিলেই কেবল বাংলাদেশে বিদেশি চ্যানেল প্রদর্শন করার অনুমতি দেওয়া হয়। প্রদর্শিত ভারতীয় চ্যানেলে বাংলাদেশের ইতিহাস ঐতিহ্যের সঙ্গে

সাংঘর্ষিক কিছু থাকলে আইনানুযায়ী পদক্ষেপ গ্রহণ করা হবে। গতকাল (৪ জুলাই বুধবার) সংসদে এক প্রশ্নের জবাবে এসব কথা বলেন তথ্যমন্ত্রী হাসানুল হক ইনু। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.৩,ক.২)।

৬। ইন্টারনেট সেবার ব্যয় না কমালে ব্যবস্থা : গণমাধ্যমকে অর্থমন্ত্রী

ভ্যাট কমানোর পরেও ইন্টারনেট সেবার খরচ না কমালে ব্যবস্থা নেওয়া হবে বলে জানিয়েছেন অর্থমন্ত্রী আবুল মাল আবদুল মুহিত। চলতি ২০১৮-১৯ অর্থবছরের বাজেটে ইন্টারনেট ব্যবহারের ওপর ধার্যকৃত ভ্যাট (মূল্য সংযোজন কর) ১৫ শতাংশ থেকে কমিয়ে ৫ শতাংশে নামিয়ে আনা হয়েছে। ফলে ১ জুলাই থেকে গ্রাহক পর্যায়ে ইন্টারনেট সেবার খরচ কমার কথা, কিন্তু মোবাইল অপারেটরসহ ইন্টারনেট সেবাদানকারী প্রতিষ্ঠানগুলো এখনো তা বাস্তবায়ন করেনি। এ বিষয়ে গতকাল (৪ জুলাই বুধবার) সচিবালয়ে সাংবাদিকদের সাথে আলাপকালে অর্থমন্ত্রী বলেন, অপারেটররা এটি বাস্তবায়ন না করলে তাদের বিরুদ্ধে ব্যবস্থা নেওয়া হবে। সূত্র-**ইত্তেফাক** (পৃ.২,ক.৭), **ইনকিলাব** (পৃ.৮,ক.৫), **অবজারভার** (পৃ.১,ক.১), **ফিনানশিয়াল এক্সপ্রেস** (শেষ পৃ.,ক.৫)।

৭। নতুন প্রজন্মের সামনে মুক্তিযুদ্ধের সঠিক ইতিহাস তুলে ধরতে চাই : সংস্কৃতিমন্ত্রী

সংস্কৃতিমন্ত্রী আসাদুজ্জামান নূর বলেছেন, আমরা একাত্তরের ইতিহাস ভুলতে চাই না এবং কাউকে ভুলতে দিতেও চাই না। নতুন প্রজন্মের সামনে মুক্তিযুদ্ধের সঠিক ইতিহাস তুলে ধরতে চাই। গতকাল (৪ জুলাই বুধবার) বাংলাদেশ জাতীয় জাদুঘর এর প্রধান মিলনায়তনে জাতীয় জাদুঘর আয়োজিত মুক্তিযুদ্ধ ও যুদ্ধোত্তর বাংলাদেশের এক নারীর সংগ্রামী জীবন নিয়ে নির্মিত ‘লাল জমিন’ নাটকের মঞ্চায়ন অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তৃতায় এসব কথা বলেন তিনি। সূত্র-**আমাদের অর্থনীতি** (পৃ.৩,ক.৬), **সংবাদ** (পৃ.২,ক.৮), **প্রথম আলো** (পৃ.৫,ক.৮)।

৮। এসডিজির লক্ষ্য অর্জনে উন্নয়নের ধারাবাহিকতা বজায় রাখতে হবে : সম্মেলনে অর্থ ও পরিকল্পনা প্রতিমন্ত্রী

অর্থ ও পরিকল্পনা প্রতিমন্ত্রী এম এ মান্নান বলেছেন, টেকসই উন্নয়ন অভীষ্টর (এসডিজি) লক্ষ্যগুলো অর্জন করতে হলে উন্নয়নের ধারাবাহিকতা বজায় রাখতে হবে। তিনি বলেন, আমাদের লক্ষ্য হচ্ছে দেশের সর্বনিম্ন পর্যায়ে যে নাগরিক রয়েছে তাকেও সরকারি সুবিধার আওতায় নিয়ে আসা। গতকাল (৪ জুলাই বুধবার) রাজধানীর বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলনকেন্দ্রে পরিকল্পনা কমিশনের সাধারণ অর্থনীতি বিভাগ এবং প্রধানমন্ত্রীর কার্যালয়ের গভর্নেন্স ইনোভেশন ইউনিট আয়োজিত সম্মেলনের উদ্বোধন অনুষ্ঠানে প্রতিমন্ত্রী এ কথা বলেন। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১৮,ক.২), **নিউ এজ** বিজনেস পাতা (পৃ.১,ক.২)।

৯। বিদায়ী অর্থবছরে রাজস্ব আয়ে সাড়ে ১৯ শতাংশ প্রবৃদ্ধি : এনবিআর চেয়ারম্যান

সদ্যসমাপ্ত অর্থবছরে রাজস্ব আদায়ে সাড়ে ১৯ শতাংশ প্রবৃদ্ধি হয়েছে বলে জানিয়েছেন জাতীয় রাজস্ব বোর্ডের চেয়ারম্যান মোশাররফ হোসেন ভূঁইয়া। গতকাল (৪ জুলাই বুধবার) রাজধানীর কাকরাইলে ইনস্টিটিউশন অভ্ ডিপ্লোমা ইঞ্জিনিয়ার্স বাংলাদেশ ভবনে দু’দিন ব্যাপী এক প্রশিক্ষণ কর্মশালার উদ্বোধন অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি এ তথ্য জানান। সূত্র-**যুগান্তর** (শেষ পৃ.,ক.৭)।

১০। আঞ্চলিক উন্নয়নে দক্ষিণ এশীয় দেশগুলোর মতপার্থক্য দূর করা প্রয়োজন : ঢাকায় সম্মেলনে বিশেষজ্ঞরা

দক্ষিণ এশিয়ার দেশগুলোর অর্থনৈতিক অগ্রগতির জন্য আঞ্চলিক অর্থনৈতিক সহযোগিতা ফোরাম বিবিআইএন (বাংলাদেশ, ভুটান, ভারত ও নেপাল) এবং চীনের বেল্ট অ্যান্ড রোড ইনিশিয়েটিভ-বিআরআই গুরুত্বপূর্ণ ভূমিকা রাখতে পারে বলে মত দিয়েছেন বিভিন্ন দেশের বিশেষজ্ঞরা। আঞ্চলিক উন্নয়ন প্রশ্নে এ দেশগুলোর মধ্যে মতপার্থক্য দূর করার ব্যাপারেও মত দেন তাঁরা। গতকাল (৪ জুলাই বুধবার) বাংলাদেশ ইনস্টিটিউট অভ্ ইন্টারন্যাশনাল এন্ড স্ট্র্যাটেজিক স্টাডিজ মিলনায়তনে কনসোর্টিয়াম ফর সাউথ এশিয়ান থিঙ্ক ট্যাঙ্ক (কোস্যাট) এবং বিআইআইএসএস আয়োজিত আঞ্চলিক সম্মেলনের উদ্বোধনী দিনে তাঁরা এ মত দেন। সম্মেলনে প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন পররাষ্ট্র মন্ত্রণালয়ের সচিব (দ্বিপক্ষীয়) কামরুল আহসান। এতে আরও বক্তব্য রাখেন রিজিয়নাল সেন্টার ফর স্ট্র্যাটেজিক স্টাডিজের নির্বাহী পরিচালক অধ্যাপক গামিনি কিরাওয়ালা, ভারতের ফোরাম ফর স্ট্র্যাটেজিক ইনিশিয়েটিভের সদস্য মেজর জেনারেল (অব.) দীপঙ্কর ব্যানার্জি, নেপালের সাবেক বাণিজ্য সচিব পুরুষোত্তম ওঝা প্রমুখ। সূত্র-**সমকাল** (পৃ.১৯,ক.২), **নিউ এজ** (পৃ.১১,ক.১), **নিউজ টুডে** (পৃ.৩,ক.৫), **ডেইলি সান** (শেষ পৃ.,ক.১)।

সম্পাদকীয়

ক. **এশিয়ান এজ :** দেশের আইটিখাত থেকে ২০২১ সালের মধ্যে ৫ বিলিয়ন মার্কিন ডলার রপ্তানি আয় অর্জন করার লক্ষ্যমাত্রা বাস্তবায়নে আইটি পণ্য বহুমুখীকরণের ওপর গুরুত্বারোপ।

খ. **ইনকিলাব :** প্রধানমন্ত্রী শেখ হাসিনা জনবসতিপূর্ণ এলাকায় ঢালাওভাবে শিল্পাঞ্চল না করার নির্দেশনা দেওয়ার বিষয় তুলে ধরে পরিবেশ বিপর্যয়রোধে এ সিদ্ধান্তের যথাযথ বাস্তবায়ন প্রত্যাশা।

গ. **ইত্তেফাক, নিউ এজ, নিউ নেশন :** সড়ক দুর্ঘটনায় মৃত্যুর মিছিল ক্রমেই দীর্ঘ হওয়ায় উদ্বেগ প্রকাশ করে এ ব্যাপারে কার্যকর পদক্ষেপ নেওয়ার সুপারিশ।

ঘ. **যুগান্তর, ভোরের কাগজ, সংবাদ :** বান্দরবানের লামা উপজেলার সরই ইউনিয়নের কালাই ছড়া এলাকায় টানা বর্ষণের কারণে পাহাড়ধসে একই পরিবারের তিনজন এবং কালাঘাটায় এক নারী মারা যাওয়ায় উদ্বেগ প্রকাশ করে পাহাড়ধস প্রতিরোধে দ্রুত কঠোর পদক্ষেপ কামনা।

ঙ. **যায়যায়দিন, সংবাদ :** রাজধানীতে হঠাৎ ডেঙ্গু জ্বরের প্রকোপ বাড়ায় উদ্বেগ প্রকাশ করে সিটি করপোরেশনের মশক নিধন কার্যক্রম আরও জোরদার করার পাশাপাশি এ ব্যাপারে জনসচেতনতা বাড়ানোর আহ্বান।

চ. **ইন্ডিপেনডেন্ট :** প্রত্নতাত্ত্বিক অধিদপ্তরের অধীনে থাকা দেশের ৪৪৮টি ঐতিহাসিক স্থাপনা ও নিদর্শন যথাযথভাবে রক্ষণাবেক্ষণের ওপর গুরুত্বারোপ।

ছ. **ডেইলি সান :** অধিকাংশ প্রাইভেট ক্লিনিক ও ডায়াগনোস্টিক সেন্টার থেকে রোগীদের মানসম্পন্ন মেডিক্যাল সেবা না দেওয়ায় এসব প্রতিষ্ঠানকে আইনের বিশেষ কাঠামোয় এনে রোগীদের যথাযথ সেবা প্রাপ্তি নিশ্চিত করার সুপারিশ।

জ. **ডেইলি স্টার :** বান্দরবানে ৩৬ একর পাহাড়ি এলাকার ভূমিতে অনুমোদনবিহীন হাউজিং প্রজেক্টের জন্য দুটি সংযোগ সড়ক তৈরি করতে পাহাড় কাটার কাজ দ্রুত বন্ধে সরকারি হস্তক্ষেপের প্রত্যাশা করে সম্পাদকীয় প্রকাশ।

উপসম্পাদকীয়

বণিকবার্তা পত্রিকায় প্রকাশিত কলামে উল্লেখ করা হয়েছে, খাদ্যে স্বনির্ভরতা অর্জনের স্বপ্ন বাস্তবায়ন করতে হলে কৃষিখাতে প্রবৃদ্ধির হার বাড়াতে হবে।

নিবন্ধ ও ফিচার

ইত্তেফাক পত্রিকায় প্রকাশিত **'চাকরি নয়, উদ্যোক্তা হওয়া চাই'** শিরোনামের নিবন্ধে অভিমত প্রকাশ করা হয়েছে, পড়াশুনা শেষ করে তরুণ প্রজন্মকে শুধু চাকরির পিছনে না ঘুরে স্বাবলম্বী বা উদ্যোক্তা হওয়ার জন্যও চেষ্টা করতে হবে।

#

খাদীজা/ফাহিমা/শুকলা/মরজিনা/সাঈদা/রশীদ/তানিয়া/২০১৮/৯.০০ঘন্টা